# হরমুজ প্রণালীর নিয়ন্ত্রণ এখন যুক্তরাষ্ট্রের হাতে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালীর ওপর যুক্তরাষ্ট্র পুরোপুরি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মঙ্গলবার (১৮ আগস্ট) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে আনাডুলু এজেন্সি।

ইরানের সঙ্গে যুদ্ধ বন্ধে গত জুনে যে কাঠামো চুক্তি হয়েছিল, সেটির মেয়াদ বাড়ানোর কোনো পরিকল্পনা যুক্তরাষ্ট্রের নেই বলেও জানান ট্রাম্প।

সাংবাদিকরা জানতে চান, ওই চুক্তির আওতায় দুই দেশ চূড়ান্ত সমঝোতার কাছাকাছি পৌঁছেছে কি না। জবাবে ট্রাম্প বলেন, ইরান আলোচনা করতে চাইলেও যুক্তরাষ্ট্রের দেওয়া শর্ত মেনে নিতে প্রস্তুত নয়।

ট্রাম্প বলেন, ইরান একটি চুক্তি করতে আগ্রহী। তবে ওয়াশিংটন যে ধরনের সমঝোতা চায়, তেহরান সেটিতে রাজি হচ্ছে না।

LENS ASIA